সংবাদ

তারিখ 23 SEP. 2015
পৃষ্ঠা 2 কলাম 6

# বঙ্গবন্ধু মেডিকেল ২৭ সেপ্টেম্বর খোলা থাকবে

নিজস্ব বার্তা পরিবেশক

বহির্বিভাগ রোগীদের সুবিধার্থে আগামী ২৭ সেপ্টেম্বর খোলা থাকবে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতাল (বিএসএমএমইউ)। গতকাল বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়- ঈদুল আজহা উপলক্ষে ২৪ থেকে ২৭ সেপ্টেম্বর বিএসএমএমইউ বন্ধ থাকবে। তবে রোগীদের সুবিধার্থে আগামী ২৭ সেপ্টেম্বর হাসপাতালের বহির্বিভাগ খোলা রাখার নির্দেশ দিয়েছেন বিএসএমএমইউ'র উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। বন্ধের দিনগুলোতে বিশ্ববিদ্যালয়ের সব ক্লাস, অফিস ও হাসপাতালের বহির্বিভাগ ও বৈকালিক স্পেশালাইজড কনসালটেশন সার্ভিস বন্ধ থাকবে। তবে বিশ্ববিদ্যালয়ের হাসপাতাল (ইনডোর সেবাসমূহ) ও বিভিন্ন [illegible] বিভাগ নির্ধারিত নিয়ম অনুযায়ী খোলা থাকবে।